সমকাল

তারিখ 29 APR 2016
পৃষ্ঠা ৭ কলাম [illegible]

# কালিয়াকৈরে দুই শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে বৃত্তি বিক্রির অভিযোগ

■ কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি

কালিয়াকৈর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের দুই কর্মকর্তার বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠেছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের সহকারী শিক্ষা কর্মকর্তা আনজুমান আরা ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শিখা বিশ্বাস গত প্রাথমিক সমাপনী পরীক্ষায় ৩-৪টি কিন্ডারগার্টেন স্কুলের প্রধানের কাছে মোটা অঙ্কের টাকার বিনিময়ে বৃত্তি বিক্রি করেন বলে অভিযোগ ওঠে। এ নিয়ে গত মঙ্গলবার সকালে ওই দুই কর্মকর্তার বিরুদ্ধে উপজেলার শতাধিক বেসরকারি স্কুলের শিক্ষক উপজেলা পরিষদ এলাকায় মানববন্ধন, সংবাদ সম্মেলন ও দুই মন্ত্রীর কাছে স্মারকলিপি দেন।

মানববন্ধন শেষে কালিয়াকৈর প্রেস ক্লাবে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন আল-ফারাবি ক্যাডেট স্কুল অ্যান্ড কলেজের প্রতিষ্ঠাতা একেএম ফজলুল হক, রিমা প্রি-ক্যাডেট স্কুলের প্রতিষ্ঠাতা আবদুল খালেক প্রমুখ।

পরে ফুলকুঁড়ি কলেজিয়েট স্কুলের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক এম তুষারী লিখিত বক্তব্যে ২০১৫ সালের প্রাথমিক সমাপনী পরীক্ষায় উপজেলা প্রাথমিক সহকারী শিক্ষা কর্মকর্তা শিখা বিশ্বাস ও মৌচাক ক্লাস্টারের সহকারী শিক্ষা কর্মকর্তা আনজুমান আরা মোটা অঙ্কের টাকার বিনিময়ে পরীক্ষার ফলে এ প্লাস এবং হাতেগোনা মাত্র ৪-৫টি কিন্ডারগার্টেনকে ৭ থেকে ৩০টা পর্যন্ত বৃত্তি প্রদান করেছেন। প্রতিটি ওয়ার্ড ও ইউনিয়ন ভিত্তিক ৮টি করে নির্ধারিত বৃত্তির কোটা থাকলেও তারা নিয়মের তোয়াক্কা করেননি। সংবাদ সম্মেলনে রতনপুর সেন্ট্রাল স্কুলের প্রতিষ্ঠাতা রাকিবুল ইসলাম রাকিব, সাউথব্রিজ ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ আবদুল মালেক, নর্থপাবলিক স্কুলের প্রধান শিক্ষক, নাজমুল ইসলাম, নাহিয়ান স্কুলের প্রধান শিক্ষক সেলিম হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।